**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 29-11-2025** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কোনো বৈধ ভোটারের নাম যাতে তালিকা থেকে বাদ না পড়ে তা নিশ্চিত করতে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক এবং নির্বাচন কমিশন নিযুক্ত Electoral Roll Observer-রা।

২) এসআইআর-এর সময়সীমা বাড়ানো সহ একাধিক দাবিতে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিএলও অধিকার রক্ষা কমিটির বিক্ষোভকে তেন্দ্র করে আজ ধুন্ধুমার বাধে।

৩) ভোটব্যাঙ্ক সুরক্ষিত রাখতেই অনুপ্রবেশকারীদের রাজ্য সরকার এদেশে আসার সুযোগ করে দিতে চাইছে বলে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪) পশ্চিমবঙ্গে রাজভবনের নাম বদলে লোকভবন করা হয়েছে।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল, আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের জন্য আগামীকাল পরীক্ষা নেওয়া হবে। এজন্য বেশি সংখ্যায় ইএমইউ লোকাল চালাবে পূর্ব রেল।

---

কোনো যোগ্য ভোটারের নাম যাতে তালিকা থেকে বাদ না পড়ে এবং কোনো ভুয়ো বা অযোগ্য ভোটার যাতে তালিকায় স্থান না পায় তা নিশ্চিত করতে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক এবং Electoral Roll Observer-রা। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, রাজ্যের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে করেন। উপস্থিত ছিলেন নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer সুব্রত গুপ্ত এবং ১২ জন Electoral Roll Observe। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে এই বৈঠকে যোগ দেন সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক এবং Electroral Registration Officer বা ERO-রা।

এর আগে আজ দুপুরে, কলকাতার বেঙ্গল Chamber of Commerce and Industry- তে Electroral Roll Observer দের সঙ্গে বৈঠক করেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

------------------------

এসআইআর প্রক্রিয়ার সময়সীমা বাড়ানো, সুষ্ঠু এবং পরিকল্পনামাফিক কাজ সহ একাধিক দাবিতে আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে বিক্ষোভ দেখায় বিএলও অধিকার রক্ষা কমিটি। সিইও মনোজ কুমার আগারওয়ালের সঙ্গে দেখা করার দাবিতে জোর করে দপ্তরের ভিতরে ঢোকার চেষ্টা করেন তারা। পুলিশ তাদের বাধা দেওয়ায় দুপক্ষের ধস্তাধস্তি বাধে। মনোজ আগারওয়ালের গাড়ি আটকেও বিক্ষোভ দেখানো হয়। মুর্শিদাবাদের খড়গ্রামে কর্তব্যরত অবস্থায় মৃত বিএলও জাকির হোসেনের পরিবারের লোকেরা আজ সিইও-র সঙ্গে দেখা করতে তার দপ্তরে যান। প্রথমে তাদের

ঢুকতে দেওয়া হয়নি বলে অভিযোগ। যদিও পরে তাদের সঙ্গে দেখা করেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

এদিকে, বিএলও-দের সন্ত্রাসের আবহে কাজ করতে হচ্ছে বলে বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। এসআইআর-এর কাজে রাজ্য সরকার তাদের সঙ্গে অসহযোগিতা করছে বলে তাঁর অভিযোগ।

বাইট শমীক

-------------------------

ভোটব্যাঙ্ক সুরক্ষিত রাখতে অনুপ্রবেশকারীদের এদেশে আসার সুযোগ করে দিতেই সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্য সরকার জমি দিচ্ছেনা বলে ফের অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কোচবিহারের চ্যাংরাবান্ধায় পরিবর্তন সংকল্প যাত্রায় অংশ নিয়ে তিনি বলেন, তৃণমূল কংগ্রেসের দুর্নীতি বন্ধ করতে ২০২৬-এ পরিবর্তন জরুরী।

বাইট শুভেন্দু

চ্যাংরাবান্ধা বাইপাস থেকে ভিআইপি মোড় পর্যন্ত মিছিল করেন বিরোধী দলনেতা।

এর আগে চ্যাংড়াবান্ধা ভিআইপি মোড়ে বিজেপির অস্থায়ী মঞ্চ তৈরি করতে পুলিশ বাধা দিলে উত্তেজনা ছড়ায়। পুলিশের সঙ্গে বাগবিতণ্ডায় জড়িয়ে পড়েন স্থানীয় বিজেপি নেতারা। পুলিশের দাবি কলকাতা হাইকোর্টের নির্দেশ উপেক্ষা করে আন্তর্জাতিক স্থল সীমান্তে রাস্তা আটকে মঞ্চ বেধেছে বিজেপি। যদিও বিজেপির দাবি হাইকোর্টের নির্দেশ মতোই তারা সভা করছে।

এদিকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদরাও আজ উত্তর ২৪ পরগণার বিরাটিতে পরিবর্তন সংকল্প সভায় অংশ নেন।

পশ্চিম বর্ধমানের আসানসোলে গির্জা মোড় বাসস্ট্যান্ডে পরিবর্তন সংকল্প সভায় অংশ নিয়ে রাজ্যে একাধিক দুর্নীতির বিরুদ্ধে সরব হন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য।

-----------------

কোচবিহারের তুফানগঞ্জে সিপিআইএম-এর বাংলা বাঁচাও যাত্রার আজ শুরু হয়েছে। এক সমাবেশের পর দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এর সূচনা করেন। উপস্থিত ছিলেন দলের কেন্দ্রীয় কমিটির সদস্য মিনাক্ষী মুখার্জী সহ জেলা নেতৃত্ব। আগামী ১৭ ই ডিসেম্বর উত্তর ২৪ পরগণার কামারহাটিতে এই যাত্রা শেষ হবে।

-----------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন – এস আই আর-এর দ্বিতীয় পর্যায় শুরু হওয়াপর পর থেকে এখনও পর্যন্ত ৫০ কোটি ৭৩ লক্ষ এন্যুমারেশন ফর্ম বিলি করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। প্রায় চল্লিশ কোটি ফর্ম এপর্যন্ত ডিজিটাইজড করা হয়েছে। আগামী ৯ ই ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছর ৭ই ফেব্রুয়ারি।

এদিকে, ভোটদাতাদের নতুন পরিষেবা প্রদান সংক্রান্ত ECINet অ্যাপ ডাউনলোড করা এবং আরও ব্যবহার-উপযোগী করে তুলতে পরামর্শ দেওয়ার জন্য দেশের সব নাগরিককে এগিয়ে আসার আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন। আগামী মাসের ২৭ তারিখ পর্যন্ত অ্যাপের 'সাবমিট আ সাজেশন' ট্যাব ব্যবহার ক'রে পরামর্শ জানানো যাবে। আগামী বছর জানুয়ারি মাসে ECINet প্ল্যাটফর্মের আনুষ্ঠানিক উদ্বোধনের পরিকল্পনা রয়েছে।

-----------------

পশ্চিমবঙ্গে রাজভবনের নাম বদলে লোকভবন করা হয়েছে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের অনুমতিক্রমে কলকাতা ও দার্জিলিংয়ের রাজভবন, ব্যারাকপুরের ফ্ল্যাগ স্টাফ হাউসের নাম পরিবর্তন করে লোকভবন করা হল। রাজভবনে আজ এক অনুষ্ঠানে প্রতীকীভাবে এই নাম বদল করেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। নামফলক ছাড়াও সরকারি নথিপত্রতেও এবার থেকে লোকভবন হিসেবে নাম উল্লেখ থাকবে। রাজ্যপাল আগেই রাজভবনকে আমজনতার জন্য উন্মুক্ত করে দিয়েছিলেন। সাংবাদিকদের তিনি বলেন, দেশের অন্যান্য রাজ্যে রাজভবনের নামও লোকভবন করা হচ্ছে।

(বাইট-রাজ্যপাল)

নাম পরিবর্তনের ঘোষণার পরই রাজভবনের এক্স হ্যান্ডেলের নামও বদলে ফেলা হয়েছে। এক পোস্টে রাজ্যপাল লিখেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'বিকশিত ভারত'-এর ভাবনাকে মাথায় রেখে গত ২৫ নভেম্বর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক দেশ জুড়ে রাজভবনের নাম 'লোকভবন' এবং রাজ নিবাসের নাম লোক নিবাস করার বিজ্ঞপ্তি জারি করে। এই ভবনকে সকল স্তরের মানুষের জন্য উন্মুক্ত করে দেওয়ার লক্ষ্যেই এই উদ্যোগ বলে জানান তিনি।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল, আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অনএ.আই.আর. ওয়েবসাইট,
মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় শোনা যাবে এর তর্জমা।

------------------

রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের পরীক্ষায় চাকরীপ্রার্থীদের যাতায়াতের সুবিধার্থে আগামীকাল পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীতে বেশি সংখ্যায় EMU লোকাল চালাবে। সকাল ৯ টা থেকে দুপুর ৩ টে পর্যন্ত রবিবারের বাতিল থাকা ট্রেনগুলি অন্যান্য কাজের দিনের মতই চলাচল করবে বলে রেল সূত্রের খবর।

উল্লেখ্য, কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষা আগামীকাল নেওয়া হবে। ১১ হাজারেরও বেশি শূন্যপদ রয়েছে বলে জানা গেছে।

প্রযুক্তি এবং সিগন্যালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আগামীকাল ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে ঐদিন হাওড়া থেকে শেওড়াফুলি, ব্যান্ডেল, আরামবাগ, বর্ধমানগামী
চারটি আরামবাগ থেকে হাওড়া, তারকেশ্বরগামী ২ টি, ব্যান্ডেল, বর্ধমান, শেওড়াফুলি থেকে একটি করে হাওড়াগামী লোকাল বাতিল থাকছে।

------------------

রাজ্য সরকার পুরসভার কর্মী ও আধিকারিকদের অফিসে হাজিরা অনলাইনে নথিভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। এইজন্যে পুর ও নগর উন্নয়ন দপ্তরের অধীনে থাকা স্টেট আরবান ডেভলপমেন্ট এজেন্সি - সুডা একটি বিশেষ মোবাইল অ্যাপ তৈরি করেছে। কর্মীদের প্রতিদিন অফিসে এসে এই অ্যাপ থেকে জিও ট্যাগিং ব্যবহার করে হাজিরা নথিভুক্ত করতে হবে।

------------------

মুর্শিদাবাদের বহরমপুর থানার কুমোরদহ ঘাট এলাকায় তৃণমূল কংগ্রেস নেতা হায়াতুল্লা শেখের খুনের ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। তৃণমূলের স্থানীয় অঞ্চল কমিটির সদস্য হায়াতুল্লাকে গত সন্ধ্যায় কয়েকজন দুষ্কৃতী ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে বলে অভিযোগ। কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরাই এর জন্য দায়ী বলে শাসকদলের অভিযোগ।

এদিকে, তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের জেরেই এই খুন বলে মন্তব্য করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

বাইট

------------------

উত্তরবঙ্গে চিতাবাঘ গণনার সিদ্ধান্ত নিয়েছে বনদপ্তর। আগামী ১৫ই ডিসেম্বর গণনার কাজ শুরু হবে। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার সব জঙ্গলে একত্রে ৪০ দিন ব্যাপী এই গণনার জন্য ৮০০ টি ট্র্যাপ ক্যামেরা বসানোর পরিকল্পনা করা হয়েছে।

------------------

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক থাকলেও সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম রেকর্ড করা হয়েছে। দক্ষিণবঙ্গের আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পুরুলিয়ায় ১৪ ডিগ্রী সেলসিয়াস।

এদিকে উত্তরবঙ্গে আলিপুরদুয়ার জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম। দার্জিলিং-এ আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৬ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী তিনদিন তাপমাত্রার বিশেষ হেল্পের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

----------------- -----------------